# হিলি বন্দরে ভারতীয় চালের আমদানির জোয়ার, বাজারে কমছে দাম



সংগৃহীত ছবি

শুল্ক জটিলতা কেটে যাওয়ার পর হিলি স্থলবন্দর দিয়ে প্রতিদিন ব্যাপক হারে ভারতীয় চাল আসছে। শুধু একদিনেই এসেছে প্রায় সাড়ে ৪ হাজার টন চাল। আমদানি বেড়ে যাওয়ায় বাজারে কেজি প্রতি ২–৩ টাকা করে দাম কমতে শুরু করেছে। ব্যবসায়ীদের মতে, এই প্রবাহ অব্যাহত থাকলে দাম আরও কমবে।

শুল্ক সংক্রান্ত বাধা কাটিয়ে ওঠার পর হিলি স্থলবন্দর দিয়ে ভারতীয় চালের আমদানি জোরদার হয়েছে। গতকাল শুক্রবার (২২ আগস্ট) একদিনেই বন্দর দিয়ে এসেছে ৯৮ ট্রাকে প্রায় ৪ হাজার ২০০ টন চাল। গত ৯ দিনে মোট ৩৩২ ট্রাকে আমদানি হয়েছে প্রায় ১৫ হাজার টন চাল।

আমদানি বেড়ে যাওয়ার প্রভাব পড়েছে বাজারে। গত তিন দিনে কেজি প্রতি চালের দাম কমেছে ২ থেকে ৩ টাকা। সবচেয়ে বেশি আমদানি হচ্ছে সরু জাতের ‘শম্পা’ চাল। প্রথম দিকে প্রতি কেজি ৭২ টাকায় বিক্রি হলেও বর্তমানে হিলি বন্দরের পাইকারি বাজারে তা বিক্রি হচ্ছে ৬৯ টাকায়।

ব্যবসায়ীরা জানিয়েছেন, এই ধারা অব্যাহত থাকলে চালের দাম আরও কমে আসবে। ইতোমধ্যে হিলি থেকে আমদানিকৃত চাল স্থানীয় বাজার ছাড়াও ঢাকাসহ চট্টগ্রাম, সিলেট ও দেশের বিভিন্ন অঞ্চলে সরবরাহ করা হচ্ছে।